আবু সাঈদ হত্যা মামলার যুক্তিতর্ক শেষ, রায়ের অপেক্ষা



সংগৃহীত ছবি

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যার মামলার বিচারিক কার্যক্রম শেষ পর্যায়ে পৌঁছেছে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ইতোমধ্যে যুক্তিতর্ক শেষ হয়েছে এবং আদালত যেকোনো সময় রায় ঘোষণা করতে পারে। মঙ্গলবার (২৭ জানুয়ারি) এই তথ্য জানা গেছে ট্রাইব্যুনাল সূত্রে।

মামলায় ৩০ জনকে আসামি করা হয়েছে। এর মধ্যে সাবেক উপাচার্য মো. হাসিবুর রশীদসহ ২৪ জন পলাতক। বাকিরা হলেন: সাবেক প্রক্টর শরিফুল ইসলাম, সাবেক সহকারী রেজিস্ট্রার রাফিউল হাসান, চুক্তিভিত্তিক কর্মচারী আনোয়ার পারভেজ, পুলিশের সাবেক এএসআই আমির হোসেন, সাবেক কনস্টেবল সুজন চন্দ্র রায় এবং নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা ইমরান চৌধুরী ওরফে আকাশ। তারা বর্তমানে কারাগারে রয়েছে।

আবু সাঈদ ২০২৪ সালের ১৬ জুলাই রংপুরে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় গুলিবিদ্ধ হয়ে নিহত হন। মামলায় ২০২৫ সালের ২৪ জুন ৩০ জনকে আসামি করে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয় এবং ৬ আগস্ট আনুষ্ঠানিক অভিযোগ গঠন করা হয়।

সেদিনের হত্যার ভিডিও দেশের মানুষের মধ্যে গভীর প্রতিক্রিয়া সৃষ্টি করেছিল। ভিডিওতে দেখা যায়, আবু সাঈদ দুই হাত প্রসারিত করে সড়কের ওপর দাঁড়িয়ে আছেন, পরে পুলিশ তার বুকে গুলি চালাচ্ছে। এই ঘটনার পর আবু সাঈদ আন্দোলনের এক আইকনিক চরিত্র হিসেবে মানুষ মনে করেছিল।